গাংনীতে ১৪ কেজি গাঁজাসহ বৃদ্ধ আটক

১৪ কেজি গাঁজাসহ আজিবুর রহমান (৬৫) নামের এক পাচারকারীকে আটক করেছে বর্ডারগার্ড বাংলাদেশ (বিজিবি)। আটক আজিবুর রহমান গাংনী উপজেলার সীমান্তবর্তী কাথুলি গ্রামের মৃত নিচিন শেখের ছেলে।

কুষ্টিয়া ৪৭ বিজিবি’র ধলা বিওপি ক্যাম্পের হাবিলদার মোহাম্মদ আলীর নেতৃত্বে বিজিবির একটি টহল টিম আন্তর্জাতিক সীমান্ত পিলার ১৩৪/২ এস এর বাংলাদেশের অভ্যন্তরে ধলার বিল নামক স্থান থেকে অভিযান চালিয়ে গাঁজাসহ তাকে আটক করেন।

হাবিলদার মোহাম্মদ আলী জানান, গতরাত ১২ টার সময় আন্তর্জাতিক সীমান্ত পিলার ১৩৪/২ এস এর নিকট মাদক পাচার হচ্ছে এমন গোপন তথ্যের ভিত্তিতে বিজিবির টহল টিম অবস্থান করছিলো।

চারজন মাদক পাচারকারি গাঁজার প্যাকেট নিয়ে কাঁটাতারের সীমান্ত পার হয়ে বাংলাদেশের অভ্যন্তরে ঢুকছিলেন। এসময় বিজিবি’র টহল টিম তাঁদের ধাওয়া দিলে গাঁজার প্যাকেট ফেলে তিনজন পালিয়ে যেতে সক্ষম হলেও আজিবুর রহমানকে আটক করা হয়।

মেহেরপুরে আত্মহত্যা প্রবণতা প্রতিরোধ সংক্রান্ত কর্মশালা

এসো দেশ বদলায়, পৃথিবী বদলায় এই প্রতিপাদ্যকে সামনে রেখে তারুণ্যের উৎসব ২০২৫ উদযাপন উপলক্ষে মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে আত্মহত্যা প্রবণতা প্রতিরোধ সংক্রান্ত কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বেলা ১১ টার দিকে মেহেরপুর সদর উপজেলা পরিষদ মিলনায়তনে এই কর্মশালা অনুষ্ঠিত হয়।

কর্মশালায় অতিরিক্ত জেলা প্রশাসক মোহাম্মদ তরিকুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

এসময় মূল প্রবন্ধ উপস্থাপন করেন মেহেরপুর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর আব্দুল্লাহ আল আমিন, বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন অতিরিক্ত পুলিশ সুপার জামিল খান, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ খায়রুল ইসলাম, টিটিসির প্রিন্সিপাল আরিফ হোসেন তালুকদার, বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন আব্দুল মালেক, জাতীয় নাগরিক কমিটির সদস্য খন্দকার মুইজ প্রমুখ।

দু’দিনে ১৩টি বন্ধ, প্রায় ১৬ লাখ টাকা জরিমানা আদায়

মেহেরপুর সদর, মুজিবনগর ও গাংনী উপজেলার অবৈধ ইটভাটায় অভিযান চালিয়ে গত দুদিনে ১৩টি ইটভাটা বন্ধ ও প্রায় ১৬ লাখ টাকা জরিমানা আদায় করেছে ভ্রাম্যমাণ আদালত।

গতকাল সদর উপজেলা নির্বাহী অফিসার খায়রুল হাসানের নেতৃত্বে উপজেলার চাঁদপুর, ফতেপুর ও রামদাসপুরে ৩টি ইটভাটায় অভিযান চালানো হয়। অবৈধভাবে কাঠ পোড়ানো ও জেলা প্রশাসকের লাইসেন্স না থাকায় ৫ লাখ টাকা জরিমানা আদায় করা হয় এবং ইটভাটা তিনটি বন্ধ করে দেওয়া হয়। ইটভাটা গুলো হচ্ছে চাঁদপুরের কেএণ্ডকে ব্রিকসের ২ লাখ টাকা, ফতেপুরের এইচবি ব্রিকসের ১ লাখ টাকা, রামদাসপুরের ২ লাখ টাকা জরিমানা আদায় করা হয়।

ইট প্রস্তুত ও ভাটা স্থাপন আইন ২০১৩ (সংশোধিত ২০১৯) এর ৪ ও ৬ ধারা লংঘন করা ও জেলা প্রশাসকের লাইসেন্স না থাকায় ইটভাটাগুলো বন্ধ করা হয় এবং জরিমানা আদায় করা হয়।

অপরদিকে, গতকাল মঙ্গলবার মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মণ্ডলের নেতৃত্বে উপজেলার মহাহনপুর গ্রামে স্টার ব্রিকসের দেড় লাখ টাকা, এসআরবি ব্রিকসের দেড় লাখ টাকা এবং কোমরপুর গ্রামের

আরএসবি ব্রিকসের ১ লাখ টাকা জরিমানা ও ভাটা তিনটি বন্ধ করে দেওয়া হয়।

এদিকে, দুপুরের দিকে গাংনী উপজেলায় চারটি অবৈধ ইটভাটা বন্ধ ও সাড়ে ৪ লাখ টাকা জরিমানা আদায় করেছে ভ্রাম্যমাণ আদালত। উপজেলার বিভিন্ন এলাকায় এই অভিযান পরিচালনা করেন জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিষ্ট্রেট গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সাদ্দাম হোসেন এ অভিযান পরিচালনা করেন। অভিযানে পরিবেশ অধিদপ্তরের মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোজাফফর আহমেদ, বামুন্দি ফায়ার সার্ভিস ও গাংনী থানা পুলিশের একটি দল অংশ নেন।

এর আগের দিন একই উপজেলায় তিনটি ইটভাটায় অভিযান চালিয়ে ২ লাখ ৩০ হাজার টাকা জরিমানা আদায়ের পাশাপাশি ভাটা তিনটি বন্ধ করে দেওয়া হয়। নির্বাহী ম্যাজিষ্ট্রেট সাদ্দাম হোসেন জানান, গাংনী উপজেলার আকুবপুর এলাকার, রূপসা ব্রিকস, জনতা ব্রিকস ও থ্রি স্টার ব্রিকসের মালিকদের এক লাখ টাকা করে ৩ লাখ টাকা এবং সমতা ব্রিকসের মালিককে দেড় লাখ টাকা জরিমানা করা হয়েছে। এসময় বিপুল পরিমাণ কাঁচা ইট পানি দিয়ে বিনষ্ট করা হয়েছে। অবৈধভাবে গড়ে ওঠা এসব ইটভাটায় পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র ছিল না। এছাড়া, কয়লার পরিবর্তে কাঠ পোড়ানোর অভিযোগ পাওয়া যায়। এসব অনিয়মের কারণে জেলা প্রশাসনের পক্ষ থেকে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়।

মেহেরপুর পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক মোজাফফর আহমেদ মেহেরপুর প্রতিদিনকে বলেন, জেলা প্রশাসনের নির্দেশে উপজেলা নির্বীহী অফিসার মহোদয়রা এসকল অভিযান পরিচালনা করছেন।

পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি হিসেবে আমরা প্রসিকিউশন করছি। তিনি আরও জানান, গত বছরের হিসেব মতে মেহেরপুর জেলায় ৯৩টি ইটভাটা রয়েছে। এর মধ্যে মাত্র একটি পরিবেশ ছাড়পত্র রয়েছে।

মেহেরপুরে পৌরসভা ৭ নং

ওয়ার্ডে বিএনপির কর্মী সমাবেশ

বিএনপির কেন্দ্র ঘোষিত প্রতিক্রিয়া দলের পূর্ণগঠন জাতীয় স্থায়ীয় পর্যায়ের সকল চ্যালেঞ্জ মোকাবেলায় সক্ষমতা অর্জনের মেহেরপুর পৌরসভা ৭ নং ওয়ার্ড বিএনপির কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার রাত ৭ টার দিকে মেহেরপুর পৌরসভা ৭ নং ওয়ার্ড পৌর বিএনপির উদ্যোগে আয়োজনে কবি নজরুল শিক্ষা মঞ্জিল-এ কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়।

মেহেরপুর পৌরসভা কর্মী সমাবেশ জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য ইলিয়াস হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপির আহবায়ক জাভেদ মাসুদ মিল্টন, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপির সদস্য সচিব অ্যাড. কামরুল হাসান, যুগ্ম আহবায়ক আমিরুল ইসলাম, যুগ্ম আহবায়ক অধ্যাপক ফয়েজ মোহাম্মদ।

কর্মী সমাবেশ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, জেলা যুবদলের আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনার সঞ্চালনায়। কর্মী সমাবেশ অনুষ্ঠানে এ সময় আরও উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপির আহবায়ক কমিটি সদস্য মোঃ আলমগীর খান সাতু আনছারুল খাইরুল বাশার, হাফিজুর রহমান, রেজাউল হক, মোছাঃ রোমানা আহম্মদ, ওমর ফারুক লিটন প্রমুখ।

অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাবেক সহ-সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন, জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু, জেলা যুবদলের কাওছার আলী, জেলা যুবদলের যুগ্ন সাধারণ সম্পাদক হুজাইফা ডিক্লেয়ার, জেলা জাসাসের সদস্য সচিব বাকা বিল্লাহ, জেলা যুবদলের সহ-সভাপতি আনিসুল হক লাভলু পৌর বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক

আলমগীর হোসেন, জেলা ছাত্রদলের সাবেক সহ-সভাপতি ফিরোজুর রহমান ফিরোজ, জেলা যুবদলের সদস্য মেহেদী হাসান রোলেক্স সাবেক কাউন্সিলর আব্দুর রহিম জেলা মহিলা দলের সহ-সভাপতি ছাবিহা সুলতানা মোশিউল আলম দিপু সহ পৌর বিএনপি পৌরসভার ৭ নং ওয়ার্ড নেতাকর্মী উপস্থিত ছিলেন।

মেহেরপুরে পৌরসভা ১ নং ওয়ার্ডে বিএনপি’র অফিস উদ্বোধন

মেহেরপুর পৌরসভা ১ নং ওয়ার্ডের বিএনপির অফিস উদ্বোধন করা হয়।

গতকাল মঙ্গলবার রাত ৮টার দিকে মেহেরপুর সদর উপজেলা পৌরসভায় ১ নং ওয়ার্ডের বিএনপি’র নতুন পাড়া মোড় অফিস উদ্বোধন করা হয়েছে।

অফিস উদ্বোধনে বিএনপি ১ নং ওয়ার্ডের সভাপতি হাবিব ইকবালের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির আহবায়ক কমিটি সদস্য মোঃ মাসুদ অরুণ, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির যুগ্ন আহবায়ক জাহাঙ্গীর বিশ্বাস আনোয়ারুল ইসলাম কালু, মিরাজুল ইসলাম, এম এ বারী ফারুক, মুক্তা প্রমুখ পৌরসভা ১ নং ওয়ার্ডের নেতা কর্মী উপস্থিত ছিলেন।

মুজিবনগরে শিশু পরিবারে পিঠা উৎসব

মুজিবনগরে বার্ষিক ক্রিড়া প্রতিযোগীতা, সাংস্কৃতি অনুষ্ঠানের পুরষ্কার বিতরনসহ শীতকালীন পিঠা উৎসবের অনুষ্ঠিত হয়েছে মুজিবনগর সরকারী শিশু পরিবারে।

মঙ্গলবার দুপুরে শিশু পরিবার চত্বরে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডলের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা সমাজসেবা অধিদপ্তরের উপপরিচালক আসাদুল ইসলাম।

শিশু পরিবারের প্রধান শিক্ষক তন্ময় সাহার সঞ্চালনায় স্বাগত বক্তব্য রাখেন প্রতিষ্ঠানের সুপারেন্টেন্ডেন্ট (সহকারি পরিচালক)মাসুদ আহমেদ।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মুজিবনগর থানা অফিসার ইনচার্জ মিজানুর রহমান, মুজিবনগর প্রেসক্লাবের সাধারন সম্পাদক হাসান মুস্তাফিজুর রহমান, ট্রাফিক ইনেস্পেক্টর বিশ্বজিৎ ঘোষ, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা লাল্টু মিয়া, মাধ্যমিক শিক্ষা অফিসার মামুন উদ্দীন আল-আজাদ, জেলা মুখ্য সংগঠক উপজেলা ছাত্র সমন্বয়ক শাওন শেখ প্রমুখ।

শিশু পরিবারের শিশুদের হাতে তৈরি বিভিন্ন ধরনের শীতকালীন পিঠা শিশু পরিবারের শিশুরা সহ অতিথি বৃন্দকে পরিবেশন করা হয়।

শেষে বার্ষিক ক্রিড়া প্রতিযোগীতার বিজয়ীদের মাঝে পুরষ্কার তুলে দেয়া হয় এবং শিশু পরিবারের শিশুদের পরিবেশনায় সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

মুজিবনগরে জনসচেতনতা মূলক সভা অনুষ্ঠিত

মুজিবনগরে শান্তি শৃঙ্খলা উন্নয়নে সামাজিক সচেতনতায় যুবকদের ভূমিকা শীর্ষক জনসচেতনতা মূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকালে উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তরের আয়োজনে উপজেলা পরিষদ হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা রকিব উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবপ উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, মুজিবনগর থানা অফিসার ইনচার্জ মিজানুর রহমান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মামুন উদ্দিন আল আজাদ, মুজিবনগর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর

রহমান, জেলা মুখ্য সংগঠক ও উপজেলা প্রধান সমন্বয়ক ছাত্র প্রতিনিধি শাওন শেখ প্রমুখ।

এর আগে উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে যুবকদের নিয়ে একটি জনসচেতনতা মূলক র্যালী বের করা হয়।

মেহেরপুরের কুতুবপুরে জেলা বিএনপি’র কর্মী সমাবেশ

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র কেন্দ্রীয় ঘোষিত প্রক্রিয়ায় দলের পুনর্গঠন জাতীয় ও স্থানীয় পর্যায়ে সকল চ্যালেঞ্জ মোকাবেলায় দলকে সক্ষমতা অর্জনের প্রত্যয়ে জেলা বিএনপির কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (১১ ফেব্রুয়ারি) বিকেল ৪ টার দিকে কুতুবপুর ইউনিয়ন বিএনপির উদ্যোগে কুলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় মাঠ প্রাঙ্গনে এ কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়।

জেলা বিএনপি’র সদস্য ওমর ফারুক লিটনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির আহবায়ক জাভেদ মাসুদ মিল্টন।

এসময় তিনি বলেন, আপনারা নির্যাতন সহ্য করেছেন জুলুম সহ্য করেছেন কেন কিসের জন্য সহ্য করেছেন বাংলাদেশে একটি সুষ্ঠু সমাজ ব্যবস্থা কায়েম করার জন্য সুষ্ঠু রাষ্ট্রীয় ব্যবস্থা কায়েম করার জন্য বাংলাদেশের হারানো গণতন্ত্রকে পুনরুদ্ধার করে বাংলাদেশের মানুষের কাছে ফিরিয়ে দেওয়ার জন্য। আমরা গণতন্ত্রের জন্য লড়াই করেছি। আজকে আমরা জুলাই আগস্ট এর রক্ত খয়ি গণঅভ্যুত্থানের মধ্য দিয়ে আমরা নতুন বাংলাদেশে প্রবেশ করেছি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য সচিব অ্যাড. কামরুল হাসান ও জেলা বিএনপির যুগ্ম আহবায়ক আমিরুল ইসলাম।

জেলা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদের সঞ্চালনায় এসময়

উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র সদস্য আলমগীর খান সাতু, হাফিজুর রহমান হাফি, মোছাঃ রোমানা আহম্মদ।

এছাড়াও এসময় জেলা বিএনপির সাবেক সহ-সম্পাদক কাজী মিজান মেনন, জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু, জেলা যুবদলের সাবেক সাধারণ সম্পাদক কাওছার আলী, জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহ, সাবেক কাউন্সিলর আব্দুর রহিম, জেলা যুবদলের সহ-সভাপতি মুনতাজুল ইসলাম, জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানি, জেলা জিয়া মঞ্চের সচিব মনিরুল ইসলাম মনি, জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক সাজেদুর রহমান বিপ্লব, সদর উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব ইলিয়াস হোসেন, জেলা মহিলা দলের সহ-সভাপতি ছাবিহা সুলতানা, মোশিউল আলম দিপু আবুল হাশেম, নাহিদ আহমেদ, জনিসহ কুতুবপুর ইউনিয়নের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে আরও ৪টি ইটভাটা বন্ধ, সাড়ে ৪ লাখ টাকা জরিমানা

মেহেরপুরের গাংনীতে অভিযান চালিয়ে চারটি অবৈধ ইটভাটা বন্ধ ও সাড়ে ৪ লাখ টাকা জরিমানা আদায় করেছে ভ্রাম্যমাণ আদালত।

মঙ্গলবার দুপুরে গাংনী উপজেলার বিভিন্ন এলাকায় এই অভিযান পরিচালনা করেন জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিষ্ট্রেট গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সাদ্দাম হোসেন এ অভিযান পরিচালনা করেন।

অভিযানে পরিবেশ অধিদপ্তরের মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোজাফফর আহমেদ, বামুন্দি ফায়ার সার্ভিস ও গাংনী থানা পুলিশের একটি দল অংশ নেন।

এর আগের দিন একই উপজেলায় তিনটি ইটভাটায় অভিযান চালিয়ে ২ লাখ ৩০ হাজার টাকা জরিমানা আদায়ের পাশাপাশি ভাটা তিনটি বন্ধ করে দেওয়া হয়।

নির্বাহী ম্যাজিষ্ট্রেট সাদ্দাম হোসেন জানান, গাংনী উপজেলার আকুবপুর এলাকার, রূপসা ব্রিকস, জনতা ব্রিকস ও থ্রি স্টার ব্রিকসের মালিকদের এক লাখ টাকা করে ৩ লাখ টাকা এবং সমতা ব্রিকসের মালিককে দেড় লাখ টাকা জরিমানা করা হয়েছে। এসময় বিপুল পরিমাণ কাঁচা ইট পানি দিয়ে বিনষ্ট করা হয়েছে। অবৈধভাবে গড়ে ওঠা এসব ইটভাটায় পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র ছিল না। এছাড়া, কয়লার পরিবর্তে কাঠ পোড়ানোর অভিযোগ পাওয়া যায়।

এসব অনিয়মের কারণে জেলা প্রশাসনের পক্ষ থেকে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়। মেহেরপুর জেলায় পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র ছাড়াই ১০৮ টি অবৈধ ইটভাটা গড়ে উঠেছে।

মেহেরপুরে সাইবার সিকিউরিটি বিষয়ক কর্মশালা

“এসো দেশ বদলাই পৃথিবী বদলাই” এই প্রতিপাদ্যে মেহেরপুরে তারুণ্য উৎসব উদযাপন উপলক্ষ্যে সাইবার সিকিউরিটি বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (১১ ফেব্রুয়ারি) দুপুরে সদর উপজেলা পরিষদ হলরুমে এ কর্মশালা অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসন আয়োজিত কর্মশালায় অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন সিভিল সার্জন ডা. মহী উদ্দিন আহমেদ ও অতিরিক্ত পুলিশ সুপার জামিনুর রহমান খান।

জেলা প্রশাসনের সহকারি কমিশনার তানজিলা শারমিন দৃষ্টির সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন সদর উপজেলা নিবার্হী অফিসার খাইরুল ইসলাম, ইসলামীক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মুনির, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের অধ্যক্ষ আরিফ হোসেন তালুকদার, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের যুগ্ম আহ্বায়ক মুজাহিদুল ইসলাম প্রমুখ।

কর্মশালায় বিভিন্ন দফতরের কর্মকর্তা, পুলিশ, শিক্ষার্থী, বিকাশ এজেন্টের প্রতিনিধি, সাংবাদিক উপস্থিত ছিলেন।